

বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন
জন-সংযোগ উপ-বিভাগ, সদর দফতর, ঢাকা

ড. দৌলতুন্নাহার খানম বিএইচবিএফসি'র প্রথম উপ-ব্যবস্থাপনা পরিচালক



ড. দৌলতুন্নাহার খানম বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশনের প্রথম উপ-ব্যবস্থাপনা পরিচালক পদে যোগদান করেছেন। তিনি ইতোপূর্বে বিএইচবিএফসি'র প্রশাসন ও মার্কেটিং মহাবিভাগের মহাব্যবস্থাপক পদে কর্মরত ছিলেন। সম্প্রতি অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগের এক প্রজ্ঞাপনের মাধ্যমে তাঁকে উপ-ব্যবস্থাপনা পরিচালক পদে এ পদোন্নতি দেয়া হয়।

ড. দৌলতুন্নাহার খানম জাহাঙ্গীর নগর বিশ্ববিদ্যালয় থেকে অর্থনীতিতে ১ম শ্রেণীতে স্নাতকসহ স্নাতকোত্তর ডিগ্রি অর্জন করেন। তিনি বাংলাদেশ কৃষি ব্যাংকে সিনিয়র অফিসার হিসেবে ১৯৮৪ সালে কর্মজীবন শুরু করেন। ১৯৯৫ সালে সিনিয়র প্রিন্সিপাল অফিসার হিসেবে বিএইচবিএফসি'তে যোগদানের পর সদর দফতরের বিভিন্ন বিভাগের বিভাগীয় প্রধান ও জোনাল ম্যানেজার হিসেবে দায়িত্ব পালন করেন। ভারত সরকার প্রদত্ত স্কলারশীপের আওতায় ১৯৯০ সালে তিনি অর্থনীতিতে পিএইচডি ডিগ্রি অর্জন করেন।

পেশা জীবনে তিনি দেশ-বিদেশে বিভিন্ন প্রশিক্ষণ, সেমিনার ও ওয়ার্কশপে অংশগ্রহণ করেন। তার লেখা বাংলাদেশ স্টাডিজ এবং বাংলাদেশের অর্থনীতি শীর্ষক দুটি বই রয়েছে। এছাড়া একাদশ ও দ্বাদশ শ্রেণীর পাঠ্যপুস্তক হিসেবে তাঁর “অর্থনীতি প্রথম ও দ্বিতীয় পত্র” বইটি অন্তর্ভুক্ত রয়েছে। তিনি কিশোরগঞ্জ জেলার নিউ টাউন এলাকায় এক সম্ভ্রান্ত মুসলিম পরিবারে জন্মগ্রহণ করেন।